



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৬.২০১৯-২২০

তারিখঃ

০৩ জুলাই - ১৪২৭

২৭-০৫-২০২০

আদেশ

যেহেতু, জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, শেরপুর প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরিশাল) গত ০৮/১২/২০১৮ তারিখ রাত ১১ ঘটিকায় মেসার্স মেডিসিমেট ফার্মাসিউটিক্যালস লিঃ, নুপাতলী, বরিশাল নামীয় প্রতিষ্ঠানের কারখানা থেকে জন্মকৃত ৫০,০০০ (পঞ্চাশ হাজার) লাল/কালো রংয়ের বাল্ক ক্যাপসুল এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকায় প্রেরণের ক্ষেত্রে দায়িত্ব সম্পাদনে ব্যর্থতা/অবহেলা/গাফিলতি করেছেন এবং উক্ত কর্মকর্তার পেছনে তাঁর অসৎ উদ্দেশ্য রয়েছে মর্মে সংশ্লিষ্ট তদন্ত কমিটি মনে করে বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৬.০৮.২০১৯ তারিখে ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৬.২০১৯-৪৫১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দস্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, শেরপুর প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরিশাল) এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করার লঘুদস্ত আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে কোন বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা থেকে অব্যাহতি দেয়া হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ আসাদুল ইসলাম)


সচিব

তারিখঃ ২৭-০৫-২০২০

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৬.২০১৯-২২০/১(৩৬)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। অতিরিক্ত সচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, শেরপুর/বরিশাল।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর/বরিশাল।
- ৯। জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, শেরপুর (প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরিশাল)
- ১০। অফিস কপি।


(মোঃ শাহাদুল হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০২৭.২০২০-২২২

তারিখঃ ০৩ জুলাই .১৪২৭
২৭.০৫ .২০২০

বিষয়ঃ ডাঃ মানস কুমার বসু (৩৯০১৩), অধ্যাপক, এ্যানেসথেসিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।

বিভাগীয় মামলা নম্বরঃ ০.৬.০.../২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মানস কুমার বসু (৩৯০১৩), অধ্যাপক, এ্যানেসথেসিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ০৭.০২.২০১৫ তারিখ থেকে ICU সহ এ্যানেসথেসিয়া বিভাগের প্রধান হিসাবে দায়িত্ব পালন করছেন এবং আপনি বিভাগীয় প্রধানের দায়িত্ব পালনকালীন কর্তৃপক্ষকে ICU Ventilator বিষয়ে অবহিত না করে ICU Ventilator একেজো হওয়ার জন্য দায়ী মর্মে তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনি উক্ত প্রতিষ্ঠানের এ্যানেসথেসিয়া বিভাগের প্রধান হিসাবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

০৭.০৫.২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

ডাঃ মানস কুমার বসু (৩৯০১৩)
অধ্যাপক, এ্যানেসথেসিওলজি, ওএসডি,
স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা
সংযুক্তঃ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীর প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার অনুরোধসহ)।
- ৪। উপসচিব (পার-১/২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।

১৭/৩/২০২০

মোঃ শাহাদত হোসেন কাবির
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd



নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৭-২২৬

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ .১৪২৭
২৭-৫৫. .২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ প্রজ্ঞা পারমিতা মন্ডল (১২৯৭৬১), সহকারী সার্জন, কীর্তিপাশা ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ঝালকাঠি গত ০১.১১.২০১৪ হতে ১১.১১.২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৫ বছর ১০ দিন চাকরি হতে এখনাগাড়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্মস্থলে যোগদানের অনুমতির জন্য আবেদন করেন;

যেহেতু, তিনি একনাগাড়ে ৫(পাঁচ) বছরের অধিককাল অর্থাৎ ০৫ বছর ১০ দিন সরকারি চাকরিতে বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, গত ০২.১১.২০১৯ তারিখে তাঁর সরকারি চাকরিতে অনুপস্থিতকাল (অনুমোদিত এবং অননুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;


যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ প্রজ্ঞা পারমিতা মন্ডল (১২৯৭৬১), সহকারী সার্জন, কীর্তিপাশা ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ঝালকাঠির কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২.১১.২০১৯ তারিখ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০১.১১.২০১৪ তারিখ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

২। জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ আসাদুল ইসলাম)


সচিব

তারিখঃ ২৭-৫৫-২০২০

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৭-২২৬/১(১৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডাটা বেইসে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-১/২/৩অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৭। সিভিল সার্জন, ঝালকাঠি।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, ঝালকাঠি।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, ঝালকাঠি।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ প্রজ্ঞা পারমিতা মন্ডল (১২৯৭৬১), সহকারী সার্জন, কীর্তিপাশা ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ঝালকাঠি।
স্থায়ী ঠিকানাঃ (ডাঃ প্রজ্ঞা পারমিতা মন্ডল, গ্রাম ও পোঃ আওরাবুনিয়া, থানাঃ কাঠালিয়া জেলাঃ)
- ১৩। অফিস কপি।


(মোঃ শাহাদাত হোসেন কবির)


সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মানস কুমার বসু (৩৯০১৩), অধ্যাপক, এ্যানেসথেসিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ০৭.০২.২০১৫ তারিখ থেকে ICU সহ এ্যানেসথেসিয়া বিভাগের প্রধান হিসাবে দায়িত্ব পালন করছেন এবং আপনি বিভাগীয় প্রধানের দায়িত্ব পালনকালীন কর্তৃপক্ষকে ICU Ventilator বিষয়ে অবহিত না করে ICU Ventilator অকেজো হওয়ার জন্য দায়ী মর্মে তদন্তে প্রমাণিত হয়েছে। যেহেতু, আপনি উক্ত প্রতিষ্ঠানের এ্যানেসথেসিয়া বিভাগের প্রধান হিসাবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্যে প্রদর্শন অবহেলা করেছেন। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব